যুগান্তর

তারিখ 5 MAR 20 3
পৃষ্ঠা ১ কলাম ৫

প্রশ্নপত্র ফাঁস করেছে তিন কোচিং সেন্টার : পিএসসির সদস্য জড়িত

মুসতাক আহমদ

তিনটি কোচিং সেন্টারের মাধ্যমেই ২৪তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। পাঁচ লাখ টাকার বিনিময়ে বিজি প্রেস থেকে পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) একজন সদস্যের মাধ্যমে প্রশ্নপত্র প্রথমে একটি কোচিং সেন্টারে বিক্রি হয়। পরে অধিক মুনাফার আশায় এখান থেকে অপর দুটি কোচিং সেন্টারে প্রশ্নপত্র পাচার হয়। তবে কতদিন আগে প্রশ্নপত্র ফাঁস হয়েছে এ ব্যাপারে এখনও

প্রশ্নপত্র : পৃষ্ঠা : ২ কলাম : ৫

প্রশ্নপত্র : ফাঁস

(১ম পৃষ্ঠার পর)

নিশ্চিত হওয়া যায়নি। সরকারের বিভিন্ন গোয়েন্দা সংস্থা চারটি কারণে এ বিষয়টি নিশ্চিত হয়েছে। এদিকে বাতিলকৃত পরীক্ষা আবার কবে ও কোন পন্থায় নেয়া হবে সে ব্যাপারে পিএসসি এখনও কোন সিদ্ধান্তে পৌঁছতে পারেনি। গতকাল কমিশনের সদস্যে যোগাযোগ করে এ ব্যাপারে স্পষ্ট কিছুই জানা যায়নি। তবে একটি সূত্র জানিয়েছে, পিএসসির প্রচলিত পরীক্ষা গ্রহণ পদ্ধতিতে আগামী তিন মাসের মধ্যে পুনঃপরীক্ষা গ্রহণ সম্ভব নয়। গোয়েন্দা সূত্র জানিয়েছে, বিজি প্রেসের কয়েকজন কর্মকর্তা ও পিএসসির একজন সদস্যের মাধ্যমে আগের চুক্তি অনুযায়ী পরীক্ষার কয়েকদিন আগে ম্যাবস কোচিং সেন্টারে ইংরেজি বাদে ৮০টি প্রশ্ন উত্তরসহ ফাঁস হয়। গোয়েন্দা কর্মকর্তারা নিশ্চিত হয়েছেন, মোবাইল ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তি প্রশ্নোত্তরগুলো জানায়। নাম প্রকাশে অনিচ্ছুক একটি গোয়েন্দা সংস্থার কর্মকর্তা জানান, ম্যাবস কোচিং সেন্টারের দু'জন শিক্ষক এ ঘটনায় সরাসরি জড়িত। এদের একজন রাজধানীর একটি কলেজের শিক্ষক অপরজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলের ছাত্র। সূত্রমতে, এদের একজন ৫/৬ মাস আগে কোচিংয়ের কয়েকজন ছাত্রকে অভয় দিয়ে বলেছিলেন, 'ভয় করো না, যে কোন প্রকারেই আমরা প্রশ্নপত্র পেয়ে যাব।' এ কারণ ছাড়াও গোয়েন্দারা প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পর ম্যাবসের বিভিন্ন স্থানে বিশেষ করে ফার্মগেট এলাকার সাইন বোর্ডগুলো নামিয়ে ফেলা হয়েছে যাতে তাদের ঠিকানা শনাক্ত করা না যায়। পত্রপত্রিকায় দেয়া তাদের স্ববিরোধী বক্তব্য এবং একটি জাতীয় দৈনিকে 'বিকন' কোচিংয়ের দেয়া বক্তব্যও তারা সন্দেহের চোখে দেখছেন। জানা গেছে, এসব কারণে ম্যাবস, বিকন ও বিকল্প কোচিং সেন্টারকে টার্গেট রেখে গোয়েন্দারা সামনে এগুচ্ছে। সূত্র আরও জানায়, ফাঁস হওয়া প্রশ্নপত্রের হাতের লেখা শনাক্ত করাকে এখন তারা প্রধান কাজ হিসেবে নিয়েছে। ইতিমধ্যে ম্যাবসের একজন শিক্ষকের হাতের লেখাকে সন্দেহ করা হচ্ছে। পুলিশ তাকে খুঁজছে।

ছাত্রলীগের ধর্মঘট পালন

এদিকে ছাত্রলীগের ডাকে গতকাল দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। ২৪তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের দায়ে পিএসসি প্রধান অধ্যাপক জেডএন তাহমিদার পদত্যাগসহ বিভিন্ন দাবিতে তারা এ ধর্মঘটের ডাক দেয়। ধর্মঘটের সমর্থনে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর [illegible]